

# স্কুল অব এগ্রিকালচার এন্ড রুরাল ডেভেলপমেন্ট (সার্ড)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৫

স্মারক নং- বাউবি/সার্ড/(৮৯)/৭৪৪

তারিখঃ ২২ ডিসেম্বর, ২০১৬

বিষয়ঃ বিএজিএড প্রোগ্রামের ১৭১ (জানুয়ারি-জুন, ২০১৭) টার্মে শিক্ষার্থী ভর্তির ফলাফল প্রকাশ ও ভর্তি কার্যক্রম প্রসঙ্গে।

- ১। BIMS কর্তৃক প্রস্তুতকৃত বিএজিএড প্রোগ্রামের ১৭১ টার্মের ১৮টি স্টাডি সেন্টারে প্রতিটিতে মেধাক্রম অনুসারে মনোনীত শিক্ষার্থীদের তালিকা প্রকাশ করা হ'ল (মনোনীতদের তালিকা সংযুক্ত)। মনোনীত শিক্ষার্থীগণ ০২/০১/২০১৭ ইং তারিখ রোজ সোমবার হতে ২৩/০১/২০১৭ ইং তারিখ রোজ সোমবার পর্যন্ত বাউবি কর্তৃক নির্ধারিত ফি পরিশোধ করে সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্রে ভর্তির সুযোগ পাবেন।
- ২। বিএজিএড ১৭১ টার্মে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট স্মারক অনুযায়ী (বাউবি/এসএসএস/বিবিএস/জেনারেল/৩৭/০৭/২৩৩৫, তারিখঃ ০৫/১২/২০১৬) ফি পরিশোধ করতে হবে। ১ম সিমেন্টারে ভর্তির জন্য শিক্ষার্থীদের ৫০৫০/- (পাঁচ হাজার পঞ্চাশ) টাকা সংশ্লিষ্ট ব্যাংকে জমা প্রদান করতে হবে।
- ২। অপেক্ষমান তালিকা হতে ভর্তির কার্যক্রমঃ
  - ক) ২৩-০১-২০১৭ ইং তারিখ মূল তালিকা হতে ভর্তি কার্যক্রম শেষে কোন স্টাডি সেন্টারে আসন শূন্য থাকলে অপেক্ষমান তালিকা হতে নির্দিষ্ট সংখ্যক (শূন্য আসনের বিপরীতে) শিক্ষার্থীর তালিকা ২৬-০১-২০১৭ ইং তারিখ বাউবির ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উক্ত তালিকায় মনোনীত শিক্ষার্থীগণকে ২৬-০১-২০১৭ ইং বৃহস্পতিবার হতে ০৬-০২-২০১৭ ইং তারিখ সোমবারের মধ্যে ভর্তি হতে হবে।
  - খ) ০৬-০২-২০১৭ ইং তারিখ ভর্তি কার্যক্রম শেষে কোন স্টাডি সেন্টারে আসন ফাকা থাকলে ০৭-০২-২০১৭ ইং তারিখ নির্দিষ্ট সংখ্যক শিক্ষার্থীর তালিকা পুনরায় প্রকাশ করা হবে এবং মনোনীত শিক্ষার্থীগণ ৭-১৩ ফেব্রুয়ারি, ২০১৭ ইং তারিখ পর্যন্ত ভর্তির সুযোগ পাবেন।
  - গ) বাউবি কর্তৃপক্ষ কর্তৃক কোন কেন্দ্রে/কেন্দ্রসমূহে আসন সংখ্যক বৃদ্ধি করা হলে তা অপেক্ষমান তালিকা হতে পুনরায় প্রকাশ করা হবে। একই আঞ্চলিক কেন্দ্রের অধীন কোন স্টাডি সেন্টারে নির্ধারিত আসন পূরণ না হলে অন্য কেন্দ্রের অপেক্ষমান তালিকা হতে শিক্ষার্থীদের ভর্তির সুযোগ প্রদান করা হবে। শূন্য আসন পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি বাউবির ওয়েব সাইটে পাওয়া যাবে।
- ৩। সংশ্লিষ্ট আঞ্চলিক/উপ-আঞ্চলিক কেন্দ্র পরিচালকদের তত্ত্বাবধানে ভর্তি কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে BIMS এর নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য এন্ট্রি ও ছবি আপলোড করে শিক্ষার্থীদের ভর্তি নিশ্চিত করে রেজিস্ট্রেশন কার্ড প্রদান করবেন। ভর্তির সময় আবেদনপত্রের তথ্যাবলী যথাযথভাবে যাচাইপূর্বক এন্ট্রি করতে হবে।

ধন্যবাদসহ-

(প্রফেসর ড. মোঃ ফরিদ হোসেন)

ডীন, সার্ড, বাউবি

ফোনঃ ০২-৯২৯১১১০

অনুলিপিঃ (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে)

- ১। পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
- ২। পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি।
- ৩। আঞ্চলিক পরিচালক (সকল), বাউবি।
- ৪। উপ-আঞ্চলিক পরিচালক, বাউবি (শেরপুর/ঈশ্বরদী/দিনাজপুর/গাইবান্ধা/নোয়াখালী/দাউদকান্দি/গাজীপুর)।
- ৫। সমন্বয়কারী, বিএজিএড প্রোগ্রাম (সকল)।
- ৬। একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি (প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।